

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
এপিএ, এনআইএস, এসডিজি ও ইনোভেশন সেল

বিষয়ঃ ‘পাবলিক পরীক্ষায় অতিরিক্ত ফি আদায় বন্ধে সচেতনতা বৃদ্ধি’ বিষয়ক সভার কার্যবিবরণী।

সভাপতি : ড. মোঃ আয়াতুল ইসলাম
যুগ্মসচিব (প্রশাসন-২ অধিশাখা)
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
তারিখ : ২৯/০৯/২০২২ খ্রিষ্টাব্দ।
সময় : বেলা ০৩.০০ ঘটিকা।
স্থান : সভাকক্ষ, মুন্সিগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ
মীরকাদিম, মুন্সিগঞ্জ
উপস্থিতি : পরিশিষ্ট ‘ক’

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির নির্দেশক্রমে অধ্যক্ষ, মুন্সিগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজে চলমান কার্যক্রম সম্পর্কে সার্বিক চিত্র উপস্থাপন করেন।


০২। এ বিভাগের উপসচিব জনাব রুজিনা সুলতানা ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৩.৩ সূচকে ‘পাবলিক পরীক্ষায় সরকার কর্তৃক নির্ধারিত ফি-এর অতিরিক্ত ফি আদায় বন্ধে সচেতনতা বৃদ্ধি’ কার্যক্রম বিষয়ে আলোকপাত করেন। উপস্থিত শিক্ষক-কর্মচারী, শিক্ষার্থী ও অভিভাবকগণ মুক্ত আলোচনায় অংশগ্রহণপূর্বক পাবলিক পরীক্ষায় সরকার কর্তৃক নির্ধারিত ফি আদায় সংক্রান্ত স্ব স্ব মতামত ব্যক্ত করেন। উপস্থিত অংশীজনগণ উল্লেখ করেন যে, বর্ণিত প্রতিষ্ঠানে অনুষ্ঠিত পরীক্ষাসমূহের জন্য অতিরিক্ত ফি আদায় করা হয়না। সরকারি আদেশের প্রতি প্রতিষ্ঠানের সকলেই যথেষ্ট শ্রদ্ধাশীল মর্মে মুন্সিগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজের অধ্যক্ষ সভায় উল্লেখ করেন।

০৩। সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র. নং	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত
১	পাবলিক পরীক্ষায় সরকার কর্তৃক নির্ধারিত ফি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ;	প্রত্যেক পাবলিক পরীক্ষায় সরকার কর্তৃক নির্ধারিত ফি-এর তালিকা সর্বসাধারণের অবগতির জন্য প্রতিষ্ঠান প্রধান তাঁর প্রতিষ্ঠানের ওয়েবসাইট ও নোটিশবোর্ডে প্রকাশ করবেন;
২	পাবলিক পরীক্ষা চলাকালীন পরীক্ষার্থী কর্তৃক যে কোনো অসদুপায় অবলম্বন বা তদ্রূপ কার্যকলাপ থেকে বিরত থাকা বিষয়ক আলোচনা।	পাবলিক পরীক্ষায় শিক্ষার্থী/ শিক্ষক-কর্মচারী কর্তৃক সকল ধরনের অসদুপায় অবলম্বন করা থেকে দূরে থাকার বিষয়ে প্রতিষ্ঠান প্রধান সচেতনতা বৃদ্ধিকল্পে অফিস আদেশ জারীর ব্যবস্থা গ্রহণ করবেন।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


নং- ৫৭.০০.০০০০.১৪৩.১৬.০০৩.২০-৫৮/১


(ড. মোঃ আয়াতুল ইসলাম)
যুগ্মসচিব (প্রশাসন-২ অধিশাখা)
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

তারিখ: ১৮ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ
০৩ অক্টোবর ২০২২ খ্রিষ্টাব্দ

বিতরণ: সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (অবগতির জন্য)।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা (অবগতির জন্য)।
- ৩। অধ্যক্ষ, মুন্সিগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, মুন্সিগঞ্জ।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, আইসিটি সেল, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা)।
- ৭। ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্মসচিব (প্রশাসন-২ অধিশাখা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। অফিস কপি।


০৩.১০.২০২২
(রুজিনা সুলতানা)
উপসচিব